দৈনিক ইত্তেফাক

তারিখ ... MAY 11 1999
পৃষ্ঠা ১১ কলাম ৪

231

## সরকারী কলেজ শিক্ষকদের সম্মেলন

গত ১লা মে বৃহত্তর চট্টগ্রামের আত্তীকৃত কলেজ শিক্ষকদের আঞ্চলিক সম্মেলনে অবিলম্বে বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক পরিষদের ১১ দফা বাস্তবায়নের আহ্বান জানানো হয়। সম্মেলনে অবিলম্বে আঞ্চলিক কমিটি গঠনের লক্ষ্যে ১৫ সদস্য বিশিষ্ট সাবজেক্ট কমিটি গঠন করা হয়। অধ্যাপক মোহাম্মদ আবদুল্লাহ ইউসুফের সভাপতিত্বে সরকারী সিটি কলেজে অনুষ্ঠিত এ সম্মেলনে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন কেন্দ্রীয় কমিটির সভাপতি অধ্যক্ষ আলী আকবর খান ডলার, অধ্যাপক ডঃ গোপালচন্দ্র দেবনাথ, অধ্যাপক বদিউল আলম অধ্যাপক মফিজুর রহমান, অধ্যাপক মোশাররফ হোসেন, অধ্যাপিকা দিল মনোয়ারা, অধ্যাপিকা প্রিয়শী সেন-গুপ্তা, অধ্যাপক এনামুর রশিদ প্রমুখ।